দোয়ারাবাজারে ইউপি চেয়ারম্যান নুর উদ্দিন গ্রেফতার

চেম্বার ডেস্ক: বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে শিক্ষার্থীদের ওপর হামলার ঘটনায় করা মামলায় সুনামগঞ্জের দোয়ারাবাজার উপজেলার নরসিংপুর ইউনিয়ন ইউনিয়ন আওয়ামিলীগ সভাপতি ও নরসিংপুর ইউপি বর্তমান চেয়ারম্যান নুর উদ্দিনকে গ্রেফতার করেছে দোয়ারাবাজার থানা পুলিশ।

রবিবার (২০ অক্টোবর) সকালে দোয়ারাবাজার থেকে তাকে গ্রেফতার করা হয়েছে। তিনি নরসিংপুর ইউনিয়নের কালাপশী গ্রামের জমির আলীর পুত্র।

নুর উদ্দিন বিগত দুইবার আওয়ামিলীগ মনোনীত নৌকা প্রতীক নিয়ে জোরপূর্বক নরসিংপুর ইউনিয়নের চেয়ারম্যান নির্বাচিত হওয়ার অভিযোগ রয়েছে।

দোয়ারাবাজার থানার অফিসার ইনচার্জ (ওসি) মো: জাহিদুল হক গ্রেফতারের বিষয়টি নিশ্চিত করেছেন।

গত ৪ আগস্ট বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে শিক্ষার্থীদের ওপর হামলার ঘটনায় ৪ সেপ্টেম্বর সাবেক পরিকল্পনামন্ত্রী এম এ মান্নান,সাবেক এমপি মুহিবুর রহমান মানিকসহ ৯৯ জনকে আসামি করে দ্রুত বিচার আইনে মামলা করেন হামলায় আহত জহিরের ভাই। ওই মামলায় সাবেক এমপি মুহিবুর রহমান মানিক জেলহাজতে আছেন।